গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-০৪/২০১৯-২০২০
ঢাকা, ৪ জুলাই বৃহস্পতিবার ২০১৯, ২০ আষাঢ় ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রীকে বেইজিংয়ে লালগালিচা সংবর্ধনা
২। সকলের সঙ্গে বন্ধুত্বের ফলেই দেশ এগোচ্ছে : বেইজিংয়ে প্রবাসী বাংলাদেশিদের সংবর্ধনায় প্রধানমন্ত্রী
৩। মস্কোতে সংসদ বিষয়ক সম্মেলনে স্পিকার : সমতাভিত্তিক বিশ্ব প্রতিষ্ঠার আহ্বান
৪। হজের প্রথম ফ্লাইট আজ : ঢাকায় হবে সৌদি ইমিগ্রেশন
৫। সেতুমন্ত্রীর সঙ্গে সুইডেনের রাষ্ট্রদূতের সাক্ষাৎ :
রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস
৬। মামলাজট কমাতে সিঙ্গাপুরের অভিজ্ঞতা কাজে লাগাতে চান আইনমন্ত্রী
৭। ঢাকা-বেনাপোল সরাসরি ট্রেন চালু আগামী ২৫ জুলাই : রেলমন্ত্রী
৮। শিক্ষাব্যবস্থা অনলাইন পদ্ধতির আওতায় নিয়ে আসা হবে : ঢাকা কলেজের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী
৯। প্রকল্পের কাজের গুণগতমান মূল্যায়ন জরুরি : শিক্ষামন্ত্রী
১০। পাট খাতের উদ্যোক্তাদের প্লট দেবে সরকার : শিল্পমন্ত্রী
১১। ২৫ বছর পর ঈশ্বরদীতে শেখ হাসিনা হত্যা চেষ্টা মামলার রায়
বিএনপির ৯ নেতাকর্মীর মৃত্যুদণ্ড, ২৫ নেতাকর্মীর যাবজ্জীবন
১২। আগামী ২ নভেম্বর জেএসসি ও ১ ফেব্রুয়ারি এসএসসি পরীক্ষা শুরু : পরীক্ষার সময়সূচি প্রকাশ
১৩। কুড়িল-সায়েদাবাদ, গাবতলী-আজিমপুর এবং শাহবাগ-সায়েন্সল্যাব রোডে রিকশা চলাচল বন্ধ
১৪। ঐতিহ্যবাহী রথযাত্রা শুরু আজ
১৫। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৬। অনলাইন গণমাধ্যমের নিবন্ধন আগামী ১৫ জুলাই পর্যন্ত বর্ধিত

চলমান পাতা-২



১। প্রধানমন্ত্রীকে বেইজিংয়ে লালগালিচা সংবর্ধনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চীনের বেইজিংয়ে লালগালিচা সংবর্ধনা দেওয়া হয়েছে। দালিয়ানে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের উদ্বোধন পর্বে যোগদান শেষে গতকাল (৩ জুলাই বুধবার) সকালে বেইজিং পৌঁছেছেন তিনি। চীনের একটি বিশেষ বিমানে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীরা বেইজিং ক্যাপিটাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করলে দেশটির ভাইস ফরেন মিনিস্টার কিং গ্যাং প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। চীনের সশস্ত্র বাহিনীর একটি সুসজ্জিত দল প্রধানমন্ত্রীকে গার্ড অভ্ অনার প্রদান করে। বিমানবন্দরে আনুষ্ঠানিকতা শেষে প্রধানমন্ত্রীকে মোটর শোভাযাত্রাসহকারে দিয়ায়োতাই রাষ্ট্রীয় অতিথি ভবনে নেওয়া হয়। বেইজিং সফরকালে প্রধানমন্ত্রী এখানেই অবস্থান করবেন। প্রধানমন্ত্রী আজ ৪ জুলাই বৃহস্পতিবার চীনের প্রধানমন্ত্রী লি কেকিয়াংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন এবং গ্রেট হল অব দ্য পিপলে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেবেন। এখানে ঢাকার সঙ্গে বেইজিংয়ের বিভিন্ন বিষয়ে সহযোগিতামূলক আইটি চুক্তি স্বাক্ষর হবে। সূত্র- **সমকাল** (পৃ.১৭,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**২। সকলের সঙ্গে বন্ধুত্বের ফলেই দেশ এগোচ্ছে : বেইজিংয়ে প্রবাসী বাংলাদেশিদের সংবর্ধনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আন্তর্জাতিকভাবে সকলের সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয় নীতি অনুসরণ করে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। গতকাল (৩ জুলাই বুধবার) বেইজিংয়ের একটি হোটেলে প্রবাসী বাংলাদেশিদের নাগরিক সংবর্ধনায় তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, সকলের সঙ্গে সুসম্পর্ক বজায় থাকায় বাংলাদেশে বিনিয়োগ আসছে। বিনিয়োগ তখনই আসে যখন দেশে স্থিতিশীলতা এবং গণতান্ত্রিক সরকার থাকে। ভাষণে ভারত ও মিয়ানমারের সঙ্গে সমুদ্রসীমা বিরোধের সমাধান এবং ভারতের সঙ্গে স্থলসীমান্ত চুক্তি বাস্তবায়নের কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি আরো বলেন, সারা বিশ্বে ছিটমহল বিনিময় নিয়ে যুদ্ধ হয়। ভারতীয়রা বাংলাদেশের ব্যাপারে সবাই এক। তাদের পার্লামেন্টে দলমত নির্বিশেষে সবাই ভোট দিয়ে আমাদের স্থলসীমান্ত আইন পাস করেছেন। আমাদের ছিটমহল বিনিময় সারা বিশ্বের কাছে একটা দৃষ্টান্ত। একটা উৎসবমুখর পরিবেশে এ ছিটমহল বিনিময় করেছি। এভাবে পুরো সমস্যার সমাধান করে আমরা দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছি। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৩। মস্কোতে সংসদ বিষয়ক সম্মেলনে স্পিকার : সমতাভিত্তিক বিশ্ব প্রতিষ্ঠার আহ্বান**

সংসদীয় কূটনীতির মাধ্যমে সমতাভিত্তিক বিশ্ব প্রতিষ্ঠায় সংসদ সদস্যদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি বলেছেন, জনগণের অধিকার সুরক্ষায় বিশ্বের সব রাজনীতিককে একইভাবে সোচ্চার হতে হবে। এ রাজনীতির অভিন্ন রূপ হতে হবে অন্তর্ভুক্তিমূলক, সমতা ও শান্তির ভিত্তিতে কল্যাণময় বিশ্ব প্রতিষ্ঠা করা। গত ৩ জুলাই মঙ্গলবার রাশিয়ার মস্কোয় ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে সংসদবিষয়ক এক সম্মেলনে 'ইন্টার-পার্লামেন্টারি কো-অপারেশন : প্রিন্সিপালস, ট্রেন্ডস অ্যান্ড ইনস্টিটিউট' শীর্ষক সেশনে তিনি এসব কথা বলেন। স্পিকার আরো বলেন, অর্থনীতি, কারিগরি ও উন্নয়নের ক্ষেত্রে বৈশ্বিক পরিবর্তন লক্ষণীয়। বৈশ্বিক পরিবর্তনের ধারায় ইতিবাচক ফলাফল আনতে সংসদ সদস্যদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৪। হজের প্রথম ফ্লাইট আজ : ঢাকায় হবে সৌদি ইমিগ্রেশন**

বাংলাদেশ থেকে হজযাত্রা শুরু হচ্ছে আজ ৪ জুলাই বৃহস্পতিবার। আজ সকালে ৪১৯ জন যাত্রী নিয়ে হজের প্রথম ফ্লাইট জেদ্দার উদ্দেশে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যাবে। সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় এ বছর পবিত্র হজ পালন করবেন ১ লাখ ২৭ হাজার ১৯৮ বাংলাদেশি। এ বছরের হজযাত্রা কার্যক্রম উদ্বোধন করবেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী ও ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আবদুল্লাহ। এবারই প্রথম ঢাকায় সৌদি ইমিগ্রেশন কার্যক্রম চালু হয়েছে। ফলে সৌদি আরব গিয়ে হজযাত্রীদের বাড়তি ঝামেলায় পড়তে হবে না। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।



**৫। সেতুমন্ত্রীর সঙ্গে সুইডেনের রাষ্ট্রদূতের সাক্ষাৎ :**

**রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস**

রোহিঙ্গাদের মিয়ানমারে ফিরিয়ে নিতে বাংলাদেশকে দেয়া সহযোগিতা অব্যাহত রাখবে সুইডেন। গতকাল (৩ জুলাই বুধবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সঙ্গে সৌজন্য সাক্ষাতে বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত শারলোটা স্লাইটার একথা জানান। এ বিষয়ে মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, মিয়ানমারের নাগরিকদের দেশে ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারের ওপর চাপ তৈরি এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারকে সহযোগিতা দিতে সুইডেন সরকার নিজেদের প্রয়াস অব্যাহত রাখবে। এছাড়া ঢাকা মহানগরীতে গণপরিবহণের সক্ষমতা বাড়াতে মানসম্পন্ন সুইডিস বাস সরবরাহে আগ্রহ প্রকাশ করেন সুইডেনের রাষ্ট্রদূত। সাক্ষাতে আগামী ফেব্রুয়ারিতে সুইডেনের স্টকহোমে অনুষ্ঠেয় 'থার্ড গ্লোবাল মিনিস্ট্রিয়াল কনফারেন্স অন রোড সেফটি' সম্মেলনে সেতুমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়। জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলোর অংশগ্রহণে এ সম্মেলন অনুষ্ঠিত হবে। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.১)।

৬। **মামলাজট কমাতে সিঙ্গাপুরের অভিজ্ঞতা কাজে লাগাতে চান আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, মামলাজট একটি বড় সমস্যা। এ সমস্যা কাটিয়ে ওঠার জন্য সরকার বিভিন্ন চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, মামলাজট সিঙ্গাপুরেও ছিল এবং সেটা তারা অত্যন্ত সুচিন্তিতভাবে সমাধান করেছেন। বাংলাদেশের মামলাজট কমাতে সিঙ্গাপুরের অভিজ্ঞতাকে কাজে লাগানো যেতে পারে। গতকাল (৩ জুলাই বুধবার) রাজধানীর গুলশানে নিজের আবাসিক অফিসে বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরেক লোহ'র সঙ্গে বৈঠক শেষে আইনমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৭। **ঢাকা-বেনাপোল সরাসরি ট্রেন চালু আগামী ২৫ জুলাই : রেলমন্ত্রী**

ঢাকা-বেনাপোল সরাসরি ট্রেন চলাচল আগামী ২৫ জুলাই শুরু হচ্ছে। গতকাল (৩ জুলাই বুধবার) বেনাপোল রেলস্টেশন পরিদর্শনশেষে এ কথা জানান রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ট্রেন চলাচলের উদ্বোধন করবেন। মন্ত্রী জানান, ঢাকার সঙ্গে রেলযোগাযোগ চালু হলে ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি যাত্রী যাতায়াতের সুবিধা হবে। প্রতিদিন দেশের বিভিন্ন অঞ্চল থেকে ভারতে ছয় থেকে সাত হাজার যাত্রী যাতায়াত করেন। এসব যাত্রীর সিংহভাগ আসেন রাজধানী ঢাকা থেকে। বেনাপোল থেকে পরিবহণ সংকট, দৌলতদিয়া-পাটুরিয়া ফেরিঘাটে যানজটের কারণে এসব যাত্রী নানা হয়রানির শিকার হন। ট্রেন চালু হলে সে হয়রানি লাঘব হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫),**বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৮। **শিক্ষাব্যবস্থা অনলাইন পদ্ধতির আওতায় নিয়ে আসা হবে : ঢাকা কলেজের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী**

শিক্ষা ক্ষেত্রে সর্বত্র তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা হবে জানিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, একাদশ শ্রেণীতে ভর্তিতে অনলাইন পদ্ধতি প্রয়োগের ফলে ছাত্রছাত্রীরা এখন মেধা ও যোগ্যতার ভিত্তিতে ভর্তি হতে পারছে। এখন আর কলেজ ক্যাম্পাসে ভর্তি নিয়ে বাণিজ্য ও মারামারি হয় না। অভিভাবকদের হয়রানি ও ভোগান্তিও কমেছে। কলেজে ভর্তিতে শৃঙ্খলা ফেরাতে সরকার এ উদ্যোগ নিয়েছে। গোটা শিক্ষাব্যবস্থাকে অনলাইন পদ্ধতির আওতায় নিয়ে আসা হবে। গতকাল (৩ জুলাই বুধবার) রাজধানীর সরকারি ঢাকা কলেজ মিলনায়তনে ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৮)।

৯। **প্রকল্পের কাজের গুণগতমান মূল্যায়ন জরুরি : শিক্ষামন্ত্রী**

বাংলাদেশের শিক্ষাখাতে বর্তমানে বেশকিছু বড় আকারের প্রকল্প চলমান রয়েছে। এসব প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন অত্যন্ত জরুরি। কিন্তু শুধু সংখ্যাগত মূল্যায়ন বা পরিবীক্ষণই যথেষ্ট নয়। প্রকল্পগুলো ঠিকমতো বাস্তবায়ন হচ্ছে কিনা কিংবা বাস্তবায়নের ক্ষেত্রে কোনো প্রকার ত্রুটি-বিচ্যুতি ঘটছে কিনা তা বোঝার জন্য গুণগত মূল্যায়ন অত্যন্ত জরুরি। গত ১০ বছরে আমাদের প্রধান লক্ষ্য ছিল সংখ্যার দিক থেকে সমৃদ্ধ হওয়া। কিন্তু এখন আমাদের গুণগত মানের দিকে মনোযোগ দেয়ার সময় হয়েছে। গতকাল (৩ জুলাই বুধবার) রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের মনিটরিং ও ইভালুয়েশন উইংয়ের 'অর্ধবার্ষিক পরিবীক্ষণ প্রতিবেদন' প্রকাশনা অনুষ্ঠানে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৬)।



১০। **পাট খাতের উদ্যোক্তাদের প্লট দেবে সরকার : শিল্পমন্ত্রী**

দেশে পাট ও পাটজাত পণ্যের বাজার আরও সম্প্রসারণে বহুমুখী পাটপণ্যের নতুন উদ্যোক্তাদের অন্যান্য সহায়তার পাশাপাশি প্লটও দেওয়া হবে। আগ্রহী উদ্যোক্তাদের নরসিংদী পাটকল ও বিসিক শিল্পনগরীসহ অন্যান্য স্থানে প্লট দেওয়া হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, একইসঙ্গে এ খাতের শ্রমিকদের কর্মহীন করা হবে না। গতকাল (৩ জুলাই বুধবার) মতিঝিলে করিম চেম্বারে জুট ডাইভার্সিফিকেশন প্রমোশন সেন্টারের (জেডিপিসি) উদ্যোগে পাঁচ দিনের বহুমুখী পাটপণ্য মেলার উদ্বোধনকালে এসব কথা বলেন শিল্পমন্ত্রী। অনুষ্ঠানে উপস্থিত বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী পাটপণ্যের উদ্যোক্তাদের বিদেশে রফতানির আগে দেশি বাজারের প্রতি মনোযোগী হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, আর্থিক সক্ষমতা ও অভিজ্ঞতা বাড়লে বিদেশে রফতানির আরও বেশি সুযোগ সৃষ্টি হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১১। ২৫ বছর পর ঈশ্বরদীতে শেখ হাসিনা হত্যা চেষ্টা মামলার রায়**
**বিএনপির ৯ নেতাকর্মীর মৃত্যুদণ্ড, ২৫ নেতাকর্মীর যাবজ্জীবন**

পাবনার ঈশ্বরদীতে তৎকালীন বিরোধীদলীয় নেতা ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বহনকারী ট্রেনে গুলিবর্ষণের বহুল আলোচিত মামলার রায়ে বিএনপির ৯ নেতাকর্মীকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছে আদালত। একইসঙ্গে এ মামলায় ২৫ বিএনপি নেতাকর্মীকে যাবজ্জীবন কারাদণ্ড ও ৩ লাখ টাকা জরিমানা, অনাদায়ে প্রত্যেককে আরো দুই বছর সশ্রম কারাদণ্ড এবং ১৩ বিএনপি নেতাকর্মীকে ১০ বছর করে কারাদণ্ড ও ১ লাখ টাকা করে জরিমানা, অনাদায়ে আরো এক বছর করে সশ্রম কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে। গতকাল (৩ জুলাই বুধবার) পাবনার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক রুস্তম আলী এ আদেশ দেন। ১৯৯৪ সালের ২৩ সেপ্টেম্বর দলীয় কর্মসূচিতে অংশ নিতে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা খুলনা থেকে সৈয়দপুর যাবার সময় ঈশ্বরদী স্টেশনে যাত্রাবিরতি করলে দুর্বৃত্তরা ট্রেনে তাঁর কামরা লক্ষ্য করে গুলিবর্ষণ করে। এ ঘটনায় ঐ সময়ে জিআরপি পুলিশের ওসি নজরুল ইসলাম বাদী হয়ে ৭ বিএনপি নেতাকর্মীর নামে একটি মামলা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১২। আগামী ২ নভেম্বর জেএসসি ও ১ ফেব্রুয়ারি এসএসসি পরীক্ষা শুরু : পরীক্ষার সময়সূচি প্রকাশ**

চলতি বছরের আগামী ২ নভেম্বর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং ১ ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে অনুমোদনের পর গতকাল (৩ জুলাই বুধবার) এ দুই পরীক্ষার সময়সূচি প্রকাশ করে শিক্ষাবোর্ড। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

**১৩। কুড়িল-সায়েদাবাদ, গাবতলী-আজিমপুর এবং শাহবাগ-সায়েন্সল্যাব রোডে রিকশা চলাচল বন্ধ**

রাজধানীর তিন'টি রুটে রিকশা চলাচল বন্ধ হচ্ছে। আগামী ৭ জুলাই রোববার থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। প্রাথমিকভাবে গাবতলী থেকে আসাদগেট হয়ে আজিমপুর ও সায়েন্সল্যাব থেকে শাহবাগ পর্যন্ত রিকশা চলাচল করবে না। এছাড়া কুড়িল বিশ্বরোড থেকে রামপুরা হয়ে খিলগাঁও-সায়েদাবাদ পর্যন্ত রিকশাসহ অন্যান্য অবৈধ ও অননুমোদিত যানবাহন চলাচল নিষিদ্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল (৩ জুলাই বুধবার) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নগর ভবনে ডিটিসির (ঢাকা ট্রান্সপোর্ট কন্ট্রোল অথরিটি) এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**১৪। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, দেশের সকল পর্যায়ে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি কঠোরভাবে অনুসরণ করা হবে। গতকাল (৩ জুলাই বুধবার) সচিবালয় কেন্দ্রীয় লাইব্রেরির সম্মেলনকক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুদ্ধাচার পুরস্কার ২০১৭-১৮ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি একথা বলেন। তিনি আরো বলেন, বর্তমান সরকারের অন্যতম নির্বাচনি অঙ্গীকার ছিল একটি দুর্নীতিমুক্ত দেশ গঠন করা। সে অঙ্গীকার পূরণে দেশের সকল পর্যায়ে দুর্নীতি দূরীকরণে সরকার বদ্ধপরিকর। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.২)।



**১৫। ঐতিহ্যবাহী রথযাত্রা শুরু আজ**

হিন্দু সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় উৎসব শ্রী শ্রী জগন্নাথ দেবের ঐতিহ্যবাহী রথযাত্রা আজ (৪ জুলাই বৃহস্পতিবার) থেকে শুরু হচ্ছে। প্রতি বছর চন্দ্র আষাঢ়ের শুক্লপক্ষের দ্বিতীয়া তিথিতে এ রথাযাত্রা শুরু হয়। এর ৯ দিনের মাথায় অনুষ্ঠিত হয় উল্টো রথযাত্রা। এবারের উল্টো রথযাত্রা অনুষ্ঠিত হবে আগামী **১১** জুলাই। শুভ রথযাত্রা উপলক্ষে সনাতন ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**১৬। অনলাইন গণমাধ্যমের নিবন্ধন আগামী ১৫ জুলাই পর্যন্ত বর্ধিত**

অনলাইন গণমাধ্যমের নিবন্ধনে আবেদন গ্রহণের সময়সীমা আগামী **১৫** জুলাই পর্যন্ত বাড়ানো হয়েছে। গত ৩০ জুন তথ্য মন্ত্রণালয়ের এক স্মারকের মাধ্যমে এ সিদ্ধান্ত জানানো হয়। এর আগে অনলাইন নিবন্ধনের আবেদনপত্র গ্রহণের কার্যক্রম ৩০ জুনের মধ্যে সম্পন্ন করার জন্য বলা হয়েছিল। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৪), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **যুগান্তর :** ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বার্ষিক সম্মেলনে টেকসই উন্নয়নমূলক বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া পাঁচটি প্রস্তাবনার বিষয় তুলে ধরে সুন্দর ও সমৃদ্ধ ধরিত্রী গড়ে তোলায় তা সহায়ক হবে বলে অভিমত ।

খ. **ইত্তেফাক :** শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিরাপত্তার নানা ফাঁকফোঁকর ও সব ধরনের অনিয়ম, অব্যবস্থাপনা রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**সংবাদ :** দুবাইয়ে আটকে পড়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার ব্যবস্থা করতে সরকারকে দ্রুত উদ্যোগ গ্রহণের আহ্বান।

গ. **জনকণ্ঠ :** দেশের সব নদ-নদীকে জীবন্ত সত্তা অভিহিত করে এর দখল-দূষণকে ফৌজদারি অপরাধ বলে গণ্য করে উচ্চ আদালতের দেওয়া রায় তুলে ধরে জলবায়ু ও পরিবেশ সুরক্ষায় রাষ্ট্রকে আরও কঠোর ভূমিকা পালনের সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের প্রাকৃতিক জলাশয়গুলো সংরক্ষিত রাখতে জলাশয় ভরাট ও দখল প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

ঙ. **সমকাল :** শুল্ক ফাঁকি দিতে অ্যাম্বুলেন্সকে মাইক্রোবাসে রূপান্তর কেবল সরকারের রাজস্ব হারানোর ব্যাপারই নয়, গাড়ির উপরের কাঠামো বদলাতে গিয়ে দুর্ঘটনার ঝুঁকিও বেড়ে যাওয়ায় এ ধরণের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

চ. **যায়যায়দিন, ভোরের কাগজ, নিউ নেশন, নিউ এজঃ** দুনীতি দমন কমিশন রেলের **১৩**টি খাতের দুর্নীতি চিহ্নিত করে দুনীতি বন্ধে **১৫**টি সুপারিশসহ যে প্রতিবেদন প্রকাশ করেছে, তাকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে রেলখাতের দুর্নীতি বন্ধে কঠোর পদেক্ষেপ গ্রহণের সুপারিশ।

ছ. **ডেইলি সান :** খোলা মেনহল, জলাবদ্ধতা ও বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে রাজধানীবাসীদের সমস্যাগুলোর বিষয়ে মেয়র আতিকুলের প্রতিক্রিয়াকে পজেটিভ বলে আখ্যায়িত করে এসব কাজে সংশ্লিষ্ট সংস্থাগুলোকে সমস্যা সমাধানে আন্তরিক হওয়ার আহ্বান।

জ. **অবজারভার :** গ্রামীণ দারিদ্র্য দূরীকরণে সরকার ও ওয়ার্ল্ড ফুড প্রোগ্রামের যৌথ সহায়তায় **১** লাখ নারীকে প্রশিক্ষণ, জীবনমুখী শিক্ষা ও খাদ্য সহায়তা দিয়ে প্রশিক্ষিত করে গড়ে তোলার যে পদক্ষেপ সরকার নিয়েছে, তাকে স্বাগত জানিয়ে তা নারীদের স্বাবলম্বী করতে সহায়ক হবে বলে অভিমত।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'মা ও শিশুর স্বাস্থ্য রক্ষায় বিষমুক্ত ফল'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, ফরমালিন, কার্বাইড বা অন্য কোনো রাসায়নিক পদার্থের সংস্পর্শে ফলমূল যেন বিষাক্ত হয়ে খাওয়ার অনুপযোগী না হয়ে যায় সে ব্যাপারে সজাগ থাকার আহ্বান জানানো হয়েছে।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা